# US, Bangladesh to hold next tariff talks on July 29

REFAYET ULLAH MIRDHA

The United States Trade Representative (USTR), the chief trade negotiation body for the American government, has invited Bangladesh to resume the third and final round of tariff negotiations on July 29, said Commerce Secretary Mahbubur Rahman.

Earlier, Bangladesh sent the country's position paper to the USTR on July 22 and proposed July 26 as the date for resuming the final round of negotiations at the USTR office in Washington DC.

However, the USTR finally set July 29 as the date for resuming the talks, where Commerce Adviser Sk Bashir Uddin will lead the Bangladesh team, the commerce secretary told The Daily Star over the phone.

If the meeting is held in person, the Bangladesh team will leave for the USA on July 27. However, there is also a possibility that the meeting will be held virtually, the secretary said.

.This time, some exporters from the private sector may join the Bangladesh team, but they will not take part in the negotiation meetings, which will be held in a government-to-government format, he added.

The secretary expressed hope that the Trump administration will lower the tariff rate for Bangladesh at the end of the negotiations, as rates have already been lowered for some countries.

For instance, the US government has reduced tariffs to 15 percent for Japan, 19 percent for Indonesia, 20 percent for Vietnam, and 19 percent for the Philippines.

Moreover, Bangladesh has so far negotiated well with the USTR, and it is expected that the tariff rate for Bangladesh will also be significantly lower than the existing 35 percent.

Bangladesh has already offered zero-duty import of US commodities such

The Daily Star

25 JUL 2025

negotiation meetings, which will be held in a government-to-government format, he added.

The secretary expressed hope that the Trump administration will lower the tariff rate for Bangladesh at the end of the negotiations, as rates have already been lowered for some countries.

For instance, the US government has reduced tariffs to 15 percent for Japan, 19 percent for Indonesia, 20 percent for Vietnam, and 19 percent for the Philippines.

Moreover, Bangladesh has so far negotiated well with the USTR, and it is expected that the tariff rate for Bangladesh will also be significantly lower than the existing 35 percent.

Bangladesh has already offered zero-duty import of US commodities such as cotton, wheat, liquefied natural gas, aircraft, and other agricultural products.

To increase imports from the USA, Bangladesh signed a deal with American wheat suppliers on July 20 to import 0.7 million tonnes of the cereal grain, and advanced-level negotiations are underway to purchase 14 Boeing aircraft.

In the draft tariff agreement, Bangladesh has agreed to many of the USA's proposals to ensure smooth trade.

The private sector's initiative to hire a lobbying firm in the US did not progress much due to time constraints, said one of the persons involved in the initiative, requesting anonymity.

On July 23, Zaidi Sattar, chairman of the Policy Research Institute of Bangladesh (PRI), said he would support every effort taken by the private sector of Bangladesh to hire a lobbying firm.

If the Bangladeshi initiators succeed in hiring the lobbying firm, the PRI will share information related to Bangladesh's economy and trade issues, he said.

A frustrated initiator, also requesting anonymity, said there are doubts over whether it will be possible to hire a lobbying firm now.

Even if one is hired in the US, it may not bring any positive outcome, the person added.

Still, a group of Bangladeshi businesspeople is trying to appoint a lobbyist in the US, the single largest export destination for Bangladesh, where local garment makers shipped apparel worth $8.2 billion last year.

The garment sector may face challenges if the 35 percent tariff rate comes into effect for Bangladesh, businesses said.

According to data from the Bangladesh Garment Manufacturers and Exporters Association (BGMEA), 1,322 garment factories in Bangladesh are directly involved in exporting garments to the US.

These production units may fail to secure work orders as before due to the high tariff, the data suggest.

Bangladesh has not hired any lobbying firm as they have little role in the negotiation process, the commerce adviser told journalists at his office in Dhaka yesterday.

"We need major structural changes, where lobbyists cannot contribute," he added.

The commerce ministry has already convened an inter-ministerial meeting to decide on the necessary reforms to facilitate the tariff talks.

Some exporters, particularly in the garment sector, had earlier pushed for hiring lobbyists in the US.

An inter-ministerial meeting held on July 20 at the commerce ministry decided to significantly reduce the import duty on American goods so that the Trump administration offers Bangladesh reduced tariff rates.

বাণিজ্য তথ্য কেন্দ্র
রপ্তানি উন্নয়ন ব্যুরো
ঢাকা।

The Daily Star
25 JUL 2025

# Even 5% US tariff is too much for apparel: CPD

STAR BUSINESS REPORT

Even a 5 percent additional tariff on the Freight on Board (FOB) price will be difficult for Bangladesh's apparel industry to absorb, especially because it comes at a time of surging energy costs, rising interest rates, and global economic uncertainty, according to a study by the Centre for Policy Dialogue (CPD) published yesterday.

The impact will be especially severe for small and medium-sized enterprises (SMEs), which operate on razor-thin margins, warned CPD in the study titled 'Trump Reciprocal Tariffs and Bangladesh: Implication and Response'.

The study, jointly conducted by Mustafizur Rahman, Anika Tasnim Arpita, and Tanbin Alam Chowdhury, comes just days before a 35 percent reciprocal tariff is scheduled to take effect on Bangladeshi goods entering the US from August 1.

The US is Bangladesh's single largest export destination, with 19 percent of total apparel exports heading to the US. Ninety percent of these exports consist of garments and other textiles. Bangladesh maintains a hefty trade surplus with America—one that has drawn attention in Washington as the US seeks to rebalance its trade relationships.

The CPD study notes that the issue is not merely a trade concern but a geopolitical manoeuvre. It argues that the tariffs reflect Washington's broader strategic calculus, including geo-economic and geo-strategic realignments in the Indo-Pacific.

"Bangladesh will need to navigate all these complex issues by considering its trade interests with the USA and also by taking into cognisance the implications of its response for the country's bilateral relationships with other countries, its own geo-strategic priorities, and also its multilateral obligations, particularly as a member of the World Trade Organization," reads the study.

The paper criticises the government for not contesting the non-disclosure clause in the US-proposed tariff framework and for failing to mobilise a negotiation team inclusive of relevant stakeholders.

The study observes that, in spite of the softening of the stance by US President Donald Trump—indicating the reduction of the reciprocal tariffs from the initial 37 percent—businesses are already experiencing disruption, global supply chains are being adversely affected, and orders are being delayed or held back.

"These are being felt by Bangladesh as well. Brands and buyers are asking Bangladesh's

The CPD study notes that the issue is not merely a trade concern but a geopolitical manoeuvre. It argues that the tariffs reflect Washington's broader strategic calculus, including geo-economic and geo-strategic realignments in the Indo-Pacific.

"Bangladesh will need to navigate all these complex issues by considering its trade interests with the USA and also by taking into cognisance the implications of its response for the country's bilateral relationships with other countries, its own geo-strategic priorities, and also its multilateral obligations, particularly as a member of the World Trade Organization," reads the study.

The paper criticises the government for not contesting the non-disclosure clause in the US-proposed tariff framework and for failing to mobilise a negotiation team inclusive of relevant stakeholders.

The study observes that, in spite of the softening of the stance by US President Donald Trump—indicating the reduction of the reciprocal tariffs from the initial 37 percent—businesses are already experiencing disruption, global supply chains are being adversely affected, and orders are being delayed or held back.

"These are being felt by Bangladesh as well. Brands and buyers are asking Bangladesh's producers and exporters for discounts. This is particularly pertinent for the apparel sector of the country," it says.

The brands and buyers are likely to try to split the additional tariff between themselves and producers and suppliers, the study states, adding that the relative share is not known as yet.

The paper also notes that this comes as Bangladesh is trying to pivot towards man-made fibre (MMF) garments, a growing segment in the US market. However, with buyers likely to split the cost of tariffs with suppliers, it is unclear how much of the burden will fall on Bangladeshi firms.

Adding to the challenge, Western buyers are tightening requirements in areas of compliance such as the environment, improving labour standards, and reduction of carbon emissions. Local enterprises and entrepreneurs are having to face this while dealing with the challenges associated with the upcoming LDC graduation, particularly in view of market access to the European Union.

The broader macroeconomic implications are sobering.

Like other global rating agencies, the initial assessment by Moody's indicates growing concerns regarding the possible adverse implications of Trump tariffs on the Bangladesh economy. Alongside Vietnam and Thailand, the report observes, Bangladesh is envisaged to be particularly affected due to its economy's higher reliance on exports to the US compared to other economies in the region.

The report further alerts that Bangladesh's banks are among the most exposed in the Asia-Pacific region to the US tariff increases, primarily because of the country's high reliance on garment exports.

"The tariff shock could exacerbate existing problems faced by Bangladesh's banking system, such as poor asset quality and low capital buffers, making the sector more susceptible to credit stress," CPD notes, citing observations of the global rating agencies.

The CPD study recommends setting up a strong negotiating wing to undertake the complex negotiations that Bangladesh will be required to handle as part of its LDC graduation strategy.

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

possible orders as before due to tariff rates.

প্রথম আলো
25 JUL 2025

# ইইউতে দেশের তৈরি পোশাক রপ্তানি ১৮% বেড়েছে

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা*

ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) বাজারে চলতি বছরের প্রথম ৫ মাসে (জানুয়ারি-মে) বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানি প্রায় ১৮ শতাংশ বেড়েছে। একই সময়ে বাজারটিতে চীনের রপ্তানি প্রবৃদ্ধি হয়েছে প্রায় ২১ শতাংশ।

ইউরোস্ট্যাটের হালনাগাদ পরিসংখ্যান থেকে এমন তথ্য জানা গেছে। এতে দেখা যায়, চলতি বছরের প্রথম পাঁচ মাসে বিশ্বের বিভিন্ন দেশ থেকে ইইউর বাজারে মোট ৩ হাজার ৯৭১ কোটি মার্কিন ডলার মূল্যের তৈরি পোশাক রপ্তানি হয়েছে। এ ক্ষেত্রে প্রবৃদ্ধি প্রায় ১২ শতাংশ।

ইইউতে শীর্ষ দুই তৈরি পোশাক রপ্তানিকারক দেশ হচ্ছে চীন ও বাংলাদেশ। তবে পোশাক রপ্তানিতে চীনের কাছাকাছি অবস্থান ধরে রেখেছে বাংলাদেশ। চলতি বছরের প্রথম পাঁচ মাসে দুই দেশের রপ্তানির ব্যবধান ৪২ কোটি ডলার। চীন ও বাংলাদেশের পর ইইউতে অন্য বড় রপ্তানিকারক দেশগুলো হচ্ছে তুরস্ক, ভারত, কম্বোডিয়া, ভিয়েতনাম, পাকিস্তান, মরক্কো, শ্রীলঙ্কা ও ইন্দোনেশিয়া।

বাংলাদেশের তৈরি পোশাকের বড় গন্তব্য হচ্ছে ইইউ। বিদায়ী ২০২৪-২৫ অর্থবছরে মোট তৈরি পোশাক রপ্তানির প্রায় ৫০ শতাংশ হয়েছে ইইউর বাজারে। চলতি বছরের প্রথম পাঁচ মাসে বাংলাদেশ ইইউর বাজারে ৯৬৮ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি করেছে, যা গত বছরের একই সময়ের ৮২৩ কোটি ডলারের রপ্তানির চেয়ে ১৭ দশমিক ৬১ শতাংশ বেশি।

সামগ্রিকভাবে বাজারটিতে রপ্তানি বাড়লেও গত মে মাস ভালো যায়নি। ওই মাসে বাংলাদেশ ইইউতে ১৬১ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি করেছে, যা গত বছরের মে মাসের তুলনায় ৬ দশমিক ৪৬ শতাংশ কম।

মে মাসে ইইউর বাজারে বাংলাদেশের রপ্তানি কমলেও চীনের বেড়েছে। চীন রপ্তানি করেছে ১৭১ কোটি ডলারের তৈরি পোশাক, যা গত বছরের একই সময়ের ১৪৫ কোটি ডলারের রপ্তানির তুলনায় ১৭ দশমিক ৮৫ শতাংশ বেশি।

ইউরোস্ট্যাটের তথ্যানুযায়ী, ইইউতে চলতি বছরের প্রথম পাঁচ মাসে (জানুয়ারি-মে)) ১ হাজার ১০ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি করেছে চীন, যা গত বছরের একই সময়ের ৮৩৫ কোটি ডলারের রপ্তানির তুলনায় ১০ দশমিক ৮৬

বাজারে। চলতি বছরের প্রথম পাঁচ মাসে বাংলাদেশ ইইউর বাজারে ৯৬৮ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি করেছে, যা গত বছরের একই সময়ের ৮২৩ কোটি ডলারের রপ্তানির চেয়ে ১৭ দশমিক ৬১ শতাংশ বেশি।

সামগ্রিকভাবে বাজারটিতে রপ্তানি বাড়লেও গত মে মাস ভালো যায়নি। ওই মাসে বাংলাদেশ ইইউতে ১৬১ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি করেছে, যা গত বছরের মে মাসের তুলনায় ৬ দশমিক ৪৬ শতাংশ কম।

মে মাসে ইইউর বাজারে বাংলাদেশের রপ্তানি কমলেও চীনের বেড়েছে। চীন রপ্তানি করেছে ১৭১ কোটি ডলারের তৈরি পোশাক, যা গত বছরের একই সময়ের ১৪৫ কোটি ডলারের রপ্তানির তুলনায় ১৭ দশমিক ৮৫ শতাংশ বেশি।

ইউরোস্ট্যাটের তথ্যানুযায়ী, ইইউতে চলতি বছরের প্রথম পাঁচ মাসে (জানুয়ারি-মে)) ১ হাজার ১০ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি করেছে চীন, যা গত বছরের একই সময়ের ৮৩৫ কোটি ডলারের রপ্তানির তুলনায় ২০ দশমিক ৮৬ শতাংশ বেশি।

একক দেশ হিসেবে তৈরি পোশাকের বড় বাজার যুক্তরাষ্ট্র। তবে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের পাল্টা শুল্কের কারণে গত এপ্রিল থেকে বাজারটিতে অস্থিরতা চলছে। চীনা পণ্যের ওপর ট্রাম্পের উচ্চ শুল্ক আরোপের কারণে চীনের অনেক তৈরি পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠান ইইউর বাজারে ঝুঁকছে। এ কারণেই ইইউতে চীনের তৈরি পোশাক রপ্তানি বাড়ছে বলে জানান বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানিকারকেরা। তাঁরা বলেন, বাংলাদেশি পণ্যে আরোপ করা ট্রাম্পের পাল্টা শুল্ক কমানো না হলে যুক্তরাষ্ট্রের বাজারে রপ্তানি কমবে। পাশাপাশি ইইউর বাজারেও তীব্র প্রতিযোগিতার মুখে পড়তে হবে।

ইউরোস্ট্যাটের তথ্যানুযায়ী, ইইউর বাজারে চলতি বছরের প্রথম পাঁচ মাসে ৩৮৭ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি করেছে তুরস্ক, যা গত বছরের একই সময়ের তুলনায় ৬ শতাংশ কম। এ ছাড়া ভারত চলতি বছরের প্রথম পাঁচ মাসে ২৫১ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি করেছে, যা গত বছরের একই সময়ের তুলনায় ১৬ শতাংশ বেশি। গত মে মাসে ভারত ৫০ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি করে। এ ক্ষেত্রে প্রবৃদ্ধি হয়েছে ২ শতাংশ।

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

... orders as before due to ... Bangladesh reduced tariff rates.

প্রথম আলো
25 JUL 2025

# যুক্তরাষ্ট্রের সঙ্গে তৃতীয় দফার আলোচনা মঙ্গলবার

পাল্টা শুল্ক

**যুক্তরাষ্ট্রে সশরীর গিয়ে তৃতীয় দফা আলোচনা করার জন্য এখনো চেষ্টা করছে বাংলাদেশ। গতকাল আবার এ অনুরোধ করা হয়েছে।**

**বিশেষ প্রতিনিধি,** *ঢাকা*

যুক্তরাষ্ট্র ঘোষিত পাল্টা শুল্কের হার কমানোর বিষয়ে অবশেষে দেশটির সঙ্গে অনলাইনে বৈঠকের একটি তারিখ পেয়েছে বাংলাদেশ। সরকার সরাসরি যুক্তরাষ্ট্রে গিয়ে আলোচনা করার জন্য অপেক্ষায় থাকলেও বৈঠকটি হচ্ছে আপাতত অনলাইনে। ২৯ জুলাই মঙ্গলবার সন্ধ্যায় এ বৈঠক হওয়ার কথা। বাণিজ্যসচিব মাহবুবুর রহমান গত রাতে মুঠোফোনে *প্রথম আলোকে* এ তথ্য জানান।

বাণিজ্যসচিব বলেন, 'প্রথমে সময় পেয়েছিলাম কাল (আজ শুক্রবার) সন্ধ্যায় অনলাইনে আলোচনা করার জন্য। পরে নতুন সময় পাওয়া গেছে। এটি হবে আগামী মঙ্গলবার। বাংলাদেশ সময় রাত ৮টা থেকে সাড়ে ১০টা পর্যন্ত আড়াই ঘণ্টাব্যাপী এ আলোচনা চলবে।'

বাণিজ্যসচিব আরও বলেন, 'যেহেতু এটি দর-কষাকষির আলোচনা এবং পাল্টা শুল্ক, বাণিজ্য চুক্তি ইত্যাদি নিয়ে চূড়ান্ত আলোচনা; তাই আমরা সশরীর করতে চাই। যুক্তরাষ্ট্রের কাছে সশরীর আলোচনার জন্য আমরা অনুরোধ জানিয়ে রেখেছি।'

এদিকে সচিবালয়ে গতকাল বৃহস্পতিবার সাংবাদিকদের সঙ্গে কথা বলেন বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন। উপদেষ্টা পরিষদের বৈঠক শেষে বাণিজ্য উপদেষ্টা নিজ দপ্তরে এলে সাংবাদিকেরা গতকাল যুক্তরাষ্ট্রের পাল্টা শুল্ক বিষয়ে তাঁকে বিভিন্ন প্রশ্ন করেন। বাণিজ্য উপদেষ্টাও জবাব দেন সেগুলোর।

বাংলাদেশের ওপর যুক্তরাষ্ট্র ঘোষিত ৩৫ শতাংশ পাল্টা শুল্ক আগামী ১ আগস্ট কার্যকর হওয়ার কথা। বর্তমানে এ হার রয়েছে গড়ে ১৫ শতাংশ। দুই হার মিলিয়ে তা ৫০ শতাংশ দাঁড়ায়। এ হার কমিয়ে আনার ব্যাপারে দুই দফায় আলোচনা করেও কোনো ফল পায়নি বাংলাদেশ।

- বাংলাদেশের ওপর যুক্তরাষ্ট্র ঘোষিত ৩৫ শতাংশ পাল্টা শুল্ক আগামী ১ আগস্ট কার্যকর হওয়ার কথা।
- বর্তমানে এ হার রয়েছে গড়ে ১৫ শতাংশ। দুই হার মিলিয়ে তা ৫০ শতাংশে দাঁড়ায়।

যুক্তরাষ্ট্রের সঙ্গে তৃতীয় দফার আলোচনার কোনো খবর আছে কি না, এমন প্রশ্নের জবাবে বাণিজ্য উপদেষ্টা বলেন, 'যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধিকে (ইউএসটিআর) আমাদের করণীয় সম্পর্কে চিঠি দেওয়া হয়েছে।'

দেশের স্বার্থ ক্ষুণ্ন করে যুক্তরাষ্ট্রকে বাড়তি সুযোগ তৈরি করে দিচ্ছে বাংলাদেশ—বিভিন্ন গণমাধ্যমে উঠে আসা এমন বক্তব্যের বিষয়ে বাণিজ্য উপদেষ্টা বলেন, 'আমার কোনো বক্তব্য নেই। আপনার মতো আমিও একজন বাংলাদেশি। দেশের স্বার্থ ক্ষুণ্ন করে আমরা কেন কাজ করব?' তিনি বলেন, যদি তা-ই হতো, তাহলে তো আন্তমন্ত্রণালয়ের বৈঠকের দরকার পড়ে না। নির্দিষ্ট কোনো কিছু মেনে নিয়ে কাজটা করে ফেললেই হয়ে যেত। ১৫ দিন ধরে দিন-রাত কাজ করতে হয়েছে।'

দর-কষাকষির জন্য লবিস্ট নিয়োগ প্রসঙ্গে জানতে চাইলে শেখ বশিরউদ্দীন বলেন, এটি সরকারের নয়, ব্যবসায়ীদের এখতিয়ার। একটা জিনিস বুঝতে হবে, যুক্তরাষ্ট্র কাজটি করছে তার ন্যাশনাল ইমার্জেন্সির ভিত্তিতে। এ কাঠামোতে লবিস্টদের কিছু করার আছে কি না, ঠিক জানা নেই। তবে বিভিন্ন বিষয়ে পরিবর্তন আনতে হবে, যে পরিবর্তনগুলো বাংলাদেশ ছাড়া কেউ বুঝতে পারবে না। পরিবর্তনগুলোতে আন্তমন্ত্রণালয়-সংশ্লিষ্ট অনেক আইনি প্রক্রিয়াও আছে। একজন লবিস্টের পক্ষে এসব বোঝা সম্ভব নয়।

সর্বশেষ বৈঠক থেকে ভালো কোনো ইঙ্গিত পেয়েছিলেন কি না, জানতে চাইলে শেখ বশিরউদ্দীন বলেন, 'আমাদের হয়তো ভালো কিছু হবে।'

তৃতীয় দফা বৈঠকের আগে যুক্তরাষ্ট্রের বিভিন্ন খাতের ব্যবসায়ী প্রতিষ্ঠান এবং সংগঠনের সঙ্গে অনলাইনে বৈঠক করেছেন বাণিজ্য উপদেষ্টা। মূলত শুল্ক কমানোর পথ সুগম করতে দেশটি থেকে বাংলাদেশে কীভাবে আরও বেশি পণ্য আমদানি করতে পারে, তা নিয়ে এসব বৈঠকে আলোচনা হয়। দ্বিপক্ষীয় ব্যবসা ও বিনিয়োগ বৃদ্ধির বিষয়গুলোও এসেছে আলোচনায়। পাশাপাশি এসব প্রতিষ্ঠান এবং সংস্থার সঙ্গে আলোচনায় বাংলাদেশ এটাও জানিয়েছে যে বাংলাদেশ বাণিজ্যবৈষম্য কমাতে যুক্তরাষ্ট্রের সঙ্গে ব্যবসা-বিনিয়োগ বাড়াতে চায়। যুক্তরাষ্ট্র থেকে অতীতের চেয়ে বেশি পরিমাণে পণ্য আমদানিও করতে আগ্রহী। কিন্তু বাংলাদেশ যাতে বাড়তি পণ্য আমদানির চাপটা নিতে পারে, সে জন্য তাদের অনুরোধ জানিয়েছে।

এদিকে ওয়াশিংটনে বাংলাদেশের ভারপ্রাপ্ত রাষ্ট্রদূত ডি এম সালাহউদ্দিন মাহমুদ গতকাল সকালে *প্রথম আলোকে* বলেন, 'পরের দফা বৈঠকের জন্য ইউএসটিআরে চিঠি দিয়ে জবাবের অপেক্ষায় আছি। ১ আগস্টের আগেই বৈঠকের ব্যাপারে আমরা আশাবাদী।'

লবিস্ট নিয়োগের সম্ভাবনা এখন নেই বললেই চলে, কূটনৈতিক সূত্রগুলো এমন আভাসও দিয়েছে। সূত্রমতে, সাধারণত যুক্তরাষ্ট্রের লবিস্টরা কোনো একটি রাষ্ট্রের হয়ে মার্কিন সরকারের সঙ্গে দর-কষাকষি করে থাকে। ফলে বাংলাদেশ থেকে কেউ লবিস্ট নিয়োগ করতে চাইলে সরকারের অনুমোদনের দরকার পড়বে। কিন্তু বাংলাদেশ এরই মধ্যে যুক্তরাষ্ট্রের সঙ্গে নন-ডিসক্লোজার অ্যাগ্রিমেন্ট (এনডিএ) সই করেছে। ফলে সরকার আর লবিস্ট নিয়োগের পথে হাঁটবে না।

বাংলাদেশসহ ৬০টি দেশের ওপর যুক্তরাষ্ট্র গত ২ এপ্রিল তাদের দেশে পণ্য রপ্তানিতে বিভিন্ন হারে পাল্টা শুল্ক আরোপের ঘোষণা দেয়। ৯ এপ্রিল তা তিন মাসের জন্য স্থগিত করে দেশটি। ৮ জুলাই প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসকে এক চিঠিতে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানান, বাংলাদেশের ওপর পাল্টা শুল্কের হার ৩৭ শতাংশের বদলে হবে ৩৫ শতাংশ।

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

সমকাল
25 JUL 2025

# শুল্ক ১৫ শতাংশের নিচে নয় ঢাকার বৈঠক মঙ্গলবার

**সমকাল প্রতিবেদক**

পাল্টা শুল্ক নিয়ে দরকষাকষি

কোনো দেশের শুল্ক ১৫ শতাংশের কম হবে না বলে জানিয়েছেন ট্রাম্প

পাল্টা শুল্ক নিয়ে দরকষাকষির তৃতীয় দফা আলোচনার জন্য অবশেষে সময় দিয়েছে যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধির (ইউএসটিআর) কার্যালয়। আগামী মঙ্গলবার ওয়াশিংটনের সঙ্গে ঢাকার সরকারি পর্যায়ে বৈঠকটি হবে।

বাণিজ্য সচিব মাহবুবুর রহমান গতকাল সন্ধ্যায় সমকালকে বলেন, শুল্ক ইস্যুতে যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধির (ইউএসটিআর) দপ্তরের সঙ্গে সভা আগামী ২৯ জুলাই হবে। সভা অনলাইন কিংবা সরাসরি উপস্থিতির মাধ্যমে হতে পারে। ইউএসটিআরের পক্ষ থেকে এভাবে জানানো হয়েছে। সুনির্দিষ্টভাবে শিগগিরই জানাবে। মুখোমুখি বৈঠক হলে বাংলাদেশ প্রতিনিধি দল তার আগেই ওয়াশিংটন যাবে। অবশ্য গতকাল সকালে সচিবালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন জানিয়েছিলেন, শুক্রবার (আজ) যুক্তরাষ্ট্রের সঙ্গে অনলাইনে একটি বৈঠক হওয়ার সম্ভাবনা রয়েছে।

এদিকে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, আগামী ১ আগস্ট থেকে বিভিন্ন দেশের পণ্য আমদানিতে পাল্টা শুল্ক কার্যকর হতে যাচ্ছে, তার হার হবে সর্বনিম্ন ১৫ শতাংশ থেকে সর্বোচ্চ ৫০ শতাংশ। ট্রাম্প প্রশাসন ইতোমধ্যে কিছু দেশের ওপর ঘোষিত বাড়তি শুল্কহার কমিয়েছে। সর্বশেষ গত বুধবার জাপানের হার ২৫ শতাংশ থেকে কমিয়ে ১৫ শতাংশ করেছে। বাংলাদেশের তৈরি পোশাকের অন্যতম প্রতিযোগী ভিয়েতনামের হার ২৬ শতাংশ থেকে ২০ শতাংশ নির্ধারণ করেছে। যাদের ক্ষেত্রে কমানো হয়েছে, তাদের সঙ্গে আলাদা চুক্তি হয়েছে, যার মূল লক্ষ্য যুক্তরাষ্ট্র থেকে সেই দেশে আমদানি বাড়ানো।

বাংলাদেশের সঙ্গে এখনও কোনো চুক্তি হয়নি। দরকষাকষি চলছে। বাংলাদেশের ওপর ১ আগস্ট থেকে ৩৫ শতাংশ শুল্ক আরোপের ঘোষণা রয়েছে। বাংলাদেশ আলোচনার মাধ্যমে তা কমানোর চেষ্টা করছে। বাংলাদেশ ছাড় পেতে ইতোমধ্যে যুক্তরাষ্ট্র থেকে গম আমদানি বাড়ানোর জন্য একটি সমঝোতা স্মারক সই করেছে। গত বুধবার সরকারি ক্রয়সংক্রান্ত উপদেষ্টা কমিটির বৈঠকে জিটুজি পদ্ধতিতে বাড়তি দামে দুই লাখ ২০ হাজার টন গম কেনার প্রস্তাব অনুমোদিত হয়েছে। বাংলাদেশ যুক্তরাষ্ট্র থেকে এলএনজি আমদানি বাড়ানোর জন্য দীর্ঘমেয়াদি চুক্তিতে রাজি হয়েছে। সে দেশ থেকে উড়োজাহাজ কিনতে চেয়েছে। এ ছাড়া যুক্তরাষ্ট্র থেকে প্রধান প্রধান পণ্য আমদানিতে শূন্য শুল্ক এবং কম শুল্ক রাখার প্রতিশ্রুতি রয়েছে। কিন্তু বাণিজ্যের বাইরে কিছু শর্ত নিরাপত্তা ও ভূকৌশলগত কিছু ইস্যুতে বাংলাদেশ আগের আলোচনায় সম্মত হয়নি।

**দেশের স্বার্থ ক্ষুণ্ন করে কিছু করা হবে না: বাণিজ্য উপদেষ্টা**

বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে জানান, মার্কিন যুক্তরাষ্ট্রের শুল্ক কমানোর জন্য সরকার চেষ্টা করছে। তবে বাংলাদেশের স্বার্থ ক্ষুণ্ন করে কোনো কাজ করা হবে না। তিনি বলেন, 'আমরা গত পরশুদিন যুক্তরাষ্ট্রের বাণিজ্যমন্ত্রীকে করণীয় সম্পর্কে চিঠি দিয়েছি। এখন আমরা সেই চিঠির জবাব ও আমন্ত্রণের অপেক্ষায় আছি।'

১ আগস্ট তো খুব কাছাকাছি এবং এ সময়ের মধ্যে কোনো ভালো ফলাফল আসবে কিনা– এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, 'বিষয়টি আমাদের জন্য যেমন প্রয়োজন, যুক্তরাষ্ট্রের জন্যও তেমন প্রয়োজন। আমাদের কর্মকাণ্ডে কোনো স্থবিরতা নেই। আমাদের কর্মকাণ্ড যথেষ্ট গতিশীল। আমরা আমাদের অবস্থান সঠিকভাবে তুলে ধরেছি। আমরা ভালো কোনো কিছু প্রত্যাশা করছি। এর জন্য যা করণীয়, তাই করছি।'

ব্যবসায়ীদের পক্ষে থেকে লবিষ্ট নিয়োগের আলোচনা প্রসঙ্গে জানতে চাইলে বাণিজ্য উপদেষ্টা বলেন, এটি ব্যবসায়ীদের এখতিয়ার। সরকারের পক্ষ থেকে কোনো লবিষ্ট নিয়োগ করা হয়নি। একটা জিনিস বুঝতে হবে, যুক্তরাষ্ট্র জাতীয়ভাবে জরুরি বিষয় হিসেবে শুল্ক আরোপের বিষয়টি এনেছে। যে কাঠামোর ওপরে ঘটনাটি ঘটছে, তাতে লবিষ্টদের করার কোনো কিছু আছে কিনা জানি না।

তিনি বলেন, আমাদের বিভিন্ন বিষয়ে পরিবর্তন আনতে হবে। পরিবর্তনগুলো বাংলাদেশ ছাড়া অন্য কেউ বুঝতে পারবে না। এ পরিবর্তনে অনেক ধরনের আইনি প্রক্রিয়া আছে। আইনি প্রক্রিয়াগুলো একজন লবিষ্টের পক্ষে বোঝা সম্ভব নয় বলে তাঁর ধারণা। সরকারের অনেক মন্ত্রণালয় একসঙ্গে কাজ করছে। ১৫ দিন দিন-রাত কাজ হয়েছে।

বাংলাদেশের স্বার্থ ক্ষুণ্ন করে যুক্তরাষ্ট্রকে সুবিধা দেওয়া হচ্ছে কিনা– এমন প্রশ্নের জবাবে উপদেষ্টা বলেন, আমার এ বিষয়ে কোনো মন্তব্য নেই। বাংলাদেশের স্বার্থ ক্ষুণ্ন করে কেন কাজ করব। এটি সম্পূর্ণ অবান্তর প্রশ্ন। স্বার্থ ক্ষুণ্ন করার প্রশ্ন এলে এত পরিশ্রমের দরকার কেন?

**সর্বনিম্ন শুল্ক হবে ১৫ শতাংশ: ট্রাম্প**

ব্লুমবার্গের এক প্রতিবেদনে বলা হয়েছে, বুধবার ওয়াশিংটনে এক সম্মেলনে ট্রাম্প বলেন, 'আমাদের একটি সরল ও সহজ শুল্ক থাকবে, যা ১৫ থেকে ৫০ শতাংশের মধ্যে হবে। কিছু দেশের ক্ষেত্রে ৫০ শতাংশ হবে। কারণ, তাদের সঙ্গে খুব একটা বনিবনা হচ্ছে না।'

ট্রাম্প বলেন, কিছু দেশের জন্য খুব সাধারণ শুল্ক থাকবে। ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে আলোচনা 'গুরুত্বপূর্ণ' ছিল। যদি ইউরোপীয় ইউনিয়ন যুক্তরাষ্ট্রের ব্যবসার জন্য দরজা খুলতে সম্মত হয়, তবে তাদের পণ্যে কম শুল্ক আরোপ করা হবে।

বাণিজ্য মন্ত্রণালয়